

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা-১২১৫

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮- ২০৬৮/১(১৭)


তারিখ: ১৫/১০/১৭


প্রাপক  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
----- অঞ্চল (সকল)

বিষয়: রোপা আমন ধানে পাতা মোড়ানো পোকা ও মাজরা পোকার দমন ব্যবস্থাপনা।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে রোপা আমন ধান কুশি স্তর থেকে দানা গঠন পর্যায়ে রয়েছে। রোপা আমন ধান ফসলের অতন্দ্র জরিপ সাপ্তাহিক প্রতিবেদন বিশ্লেষণে দেখা যায় যে, দেশের বিভিন্ন জেলায় পাতা মোড়ানো ও সকল জেলায় মাজরা পোকার আক্রমণ আছে। এমতাবস্থায়, এ পোকা দুটি নিয়ন্ত্রনে আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ে আমন ধানের ক্ষেত সরেজমিনে পরিদর্শন, নিয়মিত আলোক ফাঁদ স্থাপন, শতভাগ পার্চিং ও পোকা সনাক্তকরণ পূর্বক নিম্নলিখিত করণীয় বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য বলা হল।

পাতা মোড়ানো পোকা			
ব্যবস্থাপনাসমূহ	কীট নাশক		
	জেনেরিক নাম	ব্রান্ড নাম	প্রয়োগ
আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।	কার্বারিল	সেভিন ৮৫ এসপি	১.৭ কেজি
ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন	ক্লোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে পার্শ্বে উল্লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।	আইসোপ্রোক্যার্ব/এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
মাজরা			
ব্যবস্থাপনাসমূহ	কীটনাশক		
	জেনেরিক নাম	ব্রান্ড নাম	প্রয়োগ
মাজরা পোকার ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন।	থায়ামেথোক্সাম+ ক্লোরান্ট্রানিলিপ্রোল	ভির্টাকো ৪০ ডব্লিউজি	৭৫ গ্রাম
আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।	কার্টাপ	সানটাপ ৫০ এসপি	১.৪ কেজি
ধান কাটার পর নাড়া পুড়িয়ে ফেলুন।	কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১.৫ লিটার
ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শিষ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে পার্শ্বে উল্লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।	ক্লোরপাইরিফস ফ্লুবেনডিয়ামাইড	ডার্সবান ২০ ইসি বেল্ট ২৪ ডব্লিউজি	১.০ লিটার ২০০ গ্রাম

  
মোঃ এমদাদুল হক  
বিসিএস (কৃষি)  
কীটতত্ত্ববিদ  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

  
(এ.জেড.এম.ছাব্বির ইবনে জাহান)  
পরিচালক

ফ্যাক্স ০২৯১১১৫৫৪

ইমেইল dppw@dae.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।